দৈনিক ইত্তেফাক

তারিখ 13 JUN 1993
পৃষ্ঠা ১ কলাম ৫

## শিক্ষা বিস্তারের কর্মসূচী গ্রহণ করুন

বাসস ॥ সমাজকল্যাণ ও মহিলা বিষয়ক মন্ত্রী তরিকুল ইসলাম দেশের গ্রামাঞ্চলের বিপুল সংখ্যক নারী ও শিশুদের শিক্ষিত করিয়া তোলার লক্ষ্যে শিক্ষা কর্ম-

(২য় পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## নারী স্বেচ্ছাসেবী

( প্রথম পৃঃ পর )

সূচী গ্রহণের জন্য নারী বিস্তারের স্বেচ্ছাসেবী সংগঠনসমূহের প্রতি আহ্বান জানাইয়াছেন। গতকাল শনিবার ইঞ্জিনিয়ার্স ইনষ্টিটিউটে নারী স্বেচ্ছাসেবী সংগঠনসমূহের জাতীয় সম্মেলনের উদ্বোধন করেন। তিনি বলেন, সরকার আগামী অর্থ বছরে 'খাদ্যের বিনিময়ে শিক্ষা' কর্মসূচী চালু করিতে যাইতেছেন। নিজেদের সন্তানদের স্কুলে প্রেরণের ব্যাপারে দরিদ্র পিতামাতাদের উৎসাহ প্রদানের লক্ষ্যে এ কর্মসূচী গ্রহণ করা হইয়াছে। ইহা বাস্তবায়নের জন্য ১ লক্ষ টন গম বরাদ্দ করা হইয়াছে। মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ এনামুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তৃতা করেন মহিলা বিষয়ক পরিদপ্তরের পরিচালক রফি আহমদ চৌধুরী ও নারী এনজিও প্রতিনিধি জামালপুরের ইলোরা আজমী। মূল প্রবন্ধ পাঠ করেন স্থানীয় সরকার পরিচালিত জাতীয় ইন্সটিটিউটের পরিচালিকা সৈয়দা রওশন কাদের। মন্ত্রী নারী সমাজকে সামাজিক স্বাস্থ্যের 'মুখ্য অঙ্গ' হিসাবে উল্লেখ করিয়া তাহাদেরকে আত্মনির্ভর করার প্রয়োজনীয়তার উপর জোর দেন। তিনি বলেন যদি নারীরা অর্থনৈতিক ক্ষেত্রে স্বাধীন হয়, সমাজে তাহারা বৃহত্তর ভূমিকা পালন করিতে পারিবে।